মেহেরপুরে চাঁদবিলে টিসিবি পণ্য কান্ড

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নের চাঁদবিল গ্রামে টিসিবির পন্য নিয়ে ঘটে গেছে তুলকালাম কান্ড।

গতকাল বৃহস্পতিবার রাতে মেহেরপুর সদর উপজেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক সৈয়দ হাবিবুল্লাহ সহ আরো কয়েকজন অভিযোগ করে বলেন বিনা কার্ড টিসিবির পন্য বিতরণের মাধ্যমে নৌকায় ভোট চাওয়া হচ্ছে। একই সাথে নারীদেরকে একটি করে শাড়ি উপহার দেয়া হচ্ছে।ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি কাশেম ও তার ছেলে ৩ নং ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক তারিক টিসিবির পণ্য ট্রাক থেকে নামিয়ে তাদের বাড়িতে মজুদ রেখে ভোট চাওয়ার জন্য বিতরণ করছে।

ঘটনা শুনে সেখানে গণমাধ্যম কর্মীসহ মেহেরপুর সদর উপজেলার এসিল্যান্ড মাঝহারুল ইসলাম ও সদর থানার ওসি শেখ কনি মিয়া উপস্থিত হন।

সরজমিনে দেখা যায় সেখানে তারা কিছু চাল, এক প্যাকেট মসুর ডাল ও ২ লিটার তেলের একটি বোতল জব্দ করে রেখেছে। তারা অভিযোগ করে অনেকেই সেখান থেকে চাল ডাল শাড়ি নিয়ে যাচ্ছে শুনতে যেয়ে তিন নম্বর ওয়ার্ডের ওহাবের স্ত্রী শামসুন্নাহারের কাছ থেকে চাল, মসুর ডাল ও টিসিবির লোগো সম্বলিত সয়াবিন তেলের বোতল কেড়ে নেন।

শামসুন্নাহার মেহেরপুর প্রতিদিনকে জানান, তিনি তারিকের বাসায় কাজ করেন। এবং টিসিবি পন্য কেনার জন্য তিনি তাকে ৪৭০ টাকা দিয়েছিলেন। ঐ পন্য নিয়ে বাড়ি ফেরার পথে পন্যগুলো তার কাছ থেকে কেড়ে নেন হাবিব।

একপর্যায়ে সেখানে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ ও সদর উপজেলা এসিল্যান্ড উপস্থিত হন। তারা উপস্থিত সকলের বক্তব্য শুনে পন্যগুলো জব্দ করেন। তবে এসময় সদর এসিল্যান্ড ও পুলিশ গণমাধ্যম কর্মীদের ভিডিও ধারনে বাধা দিলে হঠাৎ কিছু উত্তেজনার সৃষ্টি হয়।

এ সময় জেলা রিটার্নিং কর্মকর্তার সাথে যোগাযোগ করলে তিনি জানান ভিডিও ধারনে কোন বাধা নেই। পরবর্তীতে এসিল্যান্ড মাঝহারুল ইসলাম আবারো বলেন মোবাইল কোর্টের কার্যক্রমের ভিডিও ধারন করা যায়